

## শেকুবিতে সহকারী প্রষ্টর পদে রাদবদল

শেকুবি প্রতিনিধি

৮ এপ্রিল ২০২৩ ০৮:৩৬ পিএম |

আপডেট: ৮ এপ্রিল ২০২৩ ০৮:৫১

পিএম

20  
Shares



পারভিন আক্তার বিথী

advertisement

রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকুবি) প্রষ্টরিয়াল বডিতে সহকারী প্রষ্টর হিসেবে নিয়োগ পেলেন বিশ্ববিদ্যালয়ের এগ্রিকালচারাল বোটানি বিভাগের সহকারী অধ্যাপক পারভিন আক্তার বিথী। এছাড়া বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব আবাসিক হলের প্রভোস্ট হিসেবে নিয়োগ পেয়েছেন কীটতত্ত্ব বিভাগের সহযোগী অধ্যাপক ড. ছাবেরা ইয়াছমীন।

উপাচার্যের আদেশক্রমে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার শেখ রেজাউল করিম স্বাক্ষরিত এক অফিস আদেশে তাদের এ দায়িত্ব দেওয়া। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তারা এ দায়িত্বে থাকবেন বলে উল্লেখ করা হয়।

advertisement

মূলত প্রটেরিয়াল বডিতে সহকারী প্রটের হিসেবে থাকা ড. ছাবেরা ইয়াছমীনকে দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে বেগম ফজিলাতুমেছা মুজিব আবাসিক হলের প্রভোষ্ঠ হিসেবে নিয়োগ দেওয়া হয়। আর নতুন সহকারী প্রটের হিসেবে সহকারী অধ্যাপক পারভিন আক্তার বিথীকে তার স্থলাভিষিক্ত করা হয়।

### **আরও পড়ুন: সব বিশ্ববিদ্যালয়ে একক ভর্তি পরীক্ষা: শিক্ষামন্ত্রী**

advertisement

নতুন নিয়োগপ্রাপ্ত সহকারী প্রটের পারভিন আক্তার বিথীসহ প্রটের অধ্যাপক মো. হারুন অর রশিদের নেতৃত্ব প্রটেরিয়াল বডিতে বাকি সদস্যরা হলেন কৃষি রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক আব্দুল কাইউম, কৃষি বনায়ন ও পরিবেশ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক আবদুল হালিম, কৃষি অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক রাকিবুর রহমান।